



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।  
ক্রমিক বিভাগ-২

ফোন : ০২-৯৫৫৭৯৮৮  
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২  
৯৫৬০০৩১-৩৫  
dgmpid@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ৩/২০১৯

তারিখ : ২১-০৩-২০১৯খ্রিঃ


বিষয় : সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণদান কর্মসূচি  
ঋণের সিলিং ও পরিশোধের সময়সীমা বর্ধিতকরণের প্রস্তাব প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে হিসাব পরিপত্র নং ০৭/২০০৭ তারিখ ২৯-০৮-২০০৭, ডিএমডি-১ পরিপত্র নং ১১/২০০৮ তারিখ ২০-১০-২০০৮ এবং পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২৭/২০১০ তারিখ ০২-১২-২০১০ ইং এবং ডিএমডি-০২/পিপিডি/পরিপত্র নং ০৪/২০১৩ তারিখ ২৫-০৩-২০১৩ ইং এবং পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২১/২০১৭ তারিখ ০৫-০১-২০১৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বর্ণিত পরিপত্রসমূহের নীতিমালার আলোকে আলোচ্য কর্মসূচিতে বর্তমানে ঋণ প্রদান করা হচ্ছে। উক্ত কর্মসূচির ঋণের সিলিং, ঋণ পরিশোধের সময় ও ঋণ প্রাপ্তির যোগ্যতার বিষয়ে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সুপারিশের প্রেক্ষিতে বিগত ১১-০৩-২০১৯ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭২৯তম সভায় প্রস্তাব উপস্থাপিত হলে পর্ষদ উক্ত ঋণ কর্মসূচীর নীতিমালা নিম্নোক্তভাবে সংশোধনের প্রস্তাবে সদয় অনুমোদন প্রদান করেন :-

ক্রমিক নং	বিদ্যমান নীতিমালা	পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালা
০১	ঋণের সিলিং : সর্বোচ্চ ৩ বছরের মূল বেতনের সমপরিমাণ অনূর্ধ্ব ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা।	ঋণের সিলিং : সর্বোচ্চ ৫ বছরের মূল বেতনের সমপরিমাণ অনূর্ধ্ব ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা। ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে ঋণের পরিমাণ এমনভাবে নির্ধারণ করতে হবে যাতে ঋণের মাসিক কিস্তির পরিমাণ ঋণ গ্রহীতাদের মাসিক বেতনের দুই তৃতীয়াংশের বেশী না হয়।
০২	ঋণ পরিশোধের সময় : ঋণ বিতরণের পরবর্তী মাস হতে শুরু করে সর্বোচ্চ ৩৬(ছত্রিশ)টি মাসিক কিস্তিতে ঋণ (সূল ও আসল) পরিশোধযোগ্য।	ঋণ পরিশোধের সময় : ঋণ বিতরণের পরবর্তী মাস হতে শুরু করে সর্বোচ্চ ৬০(ষাট)টি মাসিক কিস্তিতে ঋণ সুদাসলে পরিশোধযোগ্য এবং সুদের হার হবে ১৩%। গৃহীত ঋণের কিস্তি এমনভাবে নির্ধারণ (Fixation) করতে হবে যাতে চাকুরীর মেয়াদের মধ্যে সম্পূর্ণ টাকা সুদে আসলে আসার করা যায়।
০৩	ঋণ প্রাপ্তির যোগ্যতা : চাকুরীর বয়স কমপক্ষে ৩(তিন) বছর হতে হবে এবং পিআরএল ছাড়া চাকুরীর মেয়াদ কমপক্ষে ৩(তিন) বছর থাকতে হবে।	ঋণ প্রাপ্তির যোগ্যতা : আবেদনকারীর বয়স কমপক্ষে ৩০ বছর হতে হবে। অর্থাৎ তার চাকুরীর বয়স কমপক্ষে ৫(পাঁচ) বছর হতে হবে এবং পিআরএল ছাড়া কমপক্ষে ২(দুই) বছর চাকুরী থাকতে হবে।

০২। এমতাবস্থায়, বর্ণিত পরিপত্রসমূহে সংশ্লিষ্ট অনুচ্ছেদসমূহে উপরোক্ত সিক্ত/নীতিমালাসমূহ প্রতিস্থাপিত/সংশোধিত হবে। তাছাড়া ঋণের সিলিং, পরিশোধের সময় ও ঋণ প্রাপ্তির যোগ্যতা ব্যতিত পরিপত্রসমূহের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। আশা করা যায়, এর ফলে এ কর্মসূচীর আওতায় ঋণ গ্রহণ বৃদ্ধি পাবে। উপকারভোগীরা উপকৃত হবেন।

০৩। উক্ত নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ শহিদুল ইসলাম)

মহাব্যবস্থাপক  
(পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ)  
ফোন : ০২-৪৭১১৫৩৪৪

সূত্র নং প্রক/ক্রমিক-২/স্মা-বি-২৯২/২০১৮-২০১৯/৪৫৮  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

তারিখ : এ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ ও ২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের পত্তন, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের পত্তন, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০৫। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৬। সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ বিকেবি, প্রকা, ঢাকা। পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৯। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক কার্যালয়/উপ-মহাব্যবস্থাপক সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ১১। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ১২। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১৩। নথি/মহানথি।

  
(মোঃ শহিদুল ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক